দামুড়হুদায় উপজেলা এনজিও বিষয়ক মাসিক সভা অনুষ্ঠিত

দামুড়হুদায় উপজেলা এনজিও বিষয়ক মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার সকাল ১০ টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সম্মেলন কক্ষে উপজেলার সকল এনজিও সংস্থা নিয়ে এ সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, ব্রাক, ইমপ্যাক্ট ফাউন্ডেশন, জামান সোসাল ফাউন্ডেশন, আশা সংস্থা, আত্নবিশ্বাস, জনকল্যাণ সংস্থা, মুক্তি নারী ও শিশু উন্নয়ন সংস্থা, মিতালি নারী কল্যান সমিতি, আদর্শ ফাউন্ডেশন, আর আর এফ সহ উপজেলার বিভিন্ন এনজিও সংস্থার প্রতিনিধি উপস্থিত ছিলেন।

সভায় উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা উপজেলার বিভিন্ন এনজিও সংস্থার প্রতিনিধিদের সঠিক ভাবে এনজিও বিষয়ক কার্যক্রম সম্পাদনের বিষয়ে বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন।

দর্শনায় ২৭৭ বোতল ফেনসিডিলসহ দুই মাদক ব্যবসায়ী গ্রেফতার

দর্শনায় পৃথক দুটি মাদক বিরোধী অভিযান চালিয়েছে দর্শনা থানা পুলিশ। এ অভিযানে ২৭৭ বোতল ফেনসিডিল একটি মোটরসাইকেল ও ইজিবাইক জব্দ করা সহ আটক করা হয়েছে জাহিদ হোসেন ও উজ্জল মিয়া নামের দুই মাদক ব্যবসায়ীকে।

এদের মধ্যে উজ্জল মিয়াকে দামুড়হুদা উপজেলার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের ঝাঝাডাঙ্গা হতে ও জাহিদ হোসেনকে চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন বেগমপুর ইউনিয়নের বেগমপুর চিলমারীপাড়া গ্রামের দাখিল মাদ্রাসার সামনে পাকা রাস্তার উপর থেকে গ্রেফতার করে।

পুলিশ জানায়, গতকাল মঙ্গলবার (১৫)আগষ্ট দুপুর ২ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) বিপ্লব কুমার সাহার নেতৃত্বে থানার সেকেন্ড অফিসার এসআই খান আঃ রহমান সঙ্গীয় অফিসার ও ফোর্স নিয়ে মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ের ঝাঝাডাঙ্গা গ্রামে। এসময় গ্রামের আবুল ফজলের বাড়ির পাশে গলির ভিতর থেকে ভারতীয় ১২০ বোতল ফেন্সিডিল উদ্ধার করে। এ ফেনসিডিলসহ উজ্জল মিয়া (৩৪) নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করা সহ জব্দ করা হয় একটি ব্যাটারি চালিত ইজিবাইক। গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ী উজ্জল মিয়া দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ের ঝাঝাডাঙ্গা গ্রামের আবুল ফজলের ছেলে। গ্রেফতারকৃত আসামির বিরুদ্ধে আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।

অপরদিকে গতকাল মঙ্গলবার ভোর ৫ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে থানার এসআই ফাহিম হোসেন সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ মাদক বিরোধী অভিযান চালায় চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন বেগমপুর ইউনিয়নের চিলমারীপাড়া গ্রামের বেগমপুর দাখিল মাদ্রাসার সামনে পাকা রাস্তার উপর। এসময় একটি মোটরসাইকেল জব্দ করা সহ আমদানী নিষিদ্ধ ১৫৭ বোতল ফেনসিডিল সহ গ্রেফতার করা হয় জাহিদ হোসেন (৩৮) নামের এক মাদক ব্যবসায়ীকে। গ্রেফতারকৃত জাহিদ হোসেন দামুড়হুদা উপজেলার দর্শনা পৌর এলাকার দক্ষিণ চাঁদপুর গ্রামের শাহ্ পাড়ার হানিফ শেখের ছেলে। গ্রেফতারকৃত আসামির বিরুদ্ধে দর্শনা থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

মেহেরপুর বিচার বিভাগের লিল্লাহ বোডিংয়ের ছাত্রদের মাঝে খাবার পরিবেশন

জাতীয় শোক দিবসে মেহেরপুর বিচার বিভাগের নানা কর্মসূচির অংশ হিসেবে মদিনাতুল উলুম কওমী মাদ্রাসার লিল্লাহ বোডিংয়ে

স্বাধীনতার স্থাপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিবসহ বঙ্গবন্ধু পরিবারের নিহত সদস্যদের মাফফেরাত কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

অতঃপর মাদ্রাসার লিল্লাহ বোডিংয়ের ছাত্রদের মাঝে দুপুরের খাবার পরিবেশন করা হয়।

মেহেরপুরে পুলিশ ও বিজিবির অভিযানে ৬ জন গ্রেফতার

মেহেরপুর সদরে বিজিবি ও গাংনী থানা পুলিশের ১২ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলার ৬ আসামি গ্রেফতার হয়েছে।

গ্রেফতারকৃতদের মধ্যে সদর উপজেলায় বিজিবির অভিযানে মাদক মামলায় ৪ ও গাংনী থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত জিআর ও সিআর মামলার ২ আসামি রয়েছেন। সদর থানায় গ্রেফতারকৃতদের বর্ডারগার্ড বাংলাদেশ বিজিবির অভিযানে গ্রেফতার হয়েছেন।

মঙ্গলবার দিবাগত রাতে বর্ডারগার্ড বাংলাদেশ পৃথক দুটি অভিযান চালিয়ে সাড়ে ৩ গ্রাম হেরোইনসহ ৪ জনকে গ্রেফতার করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম এই তথ্য নিশ্চিত করেছেন।

গ্রেফতারকৃতদের আজ বুধবার বেলা ১১ টার দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে ধর্ষণ মামলার আসামি গ্রেফতার

গাংনী উপজেলার সাহারবাটি গ্রামে অভিযান চালিয়ে সুমন হোসেন (২০) নামের এক ধর্ষককে গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।
সুমন গাংনী উপজেলার সাহারবাটি গ্রামের মাদরাসা পাড়ার টুকুল হোসেনের ছেলে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন।

মামলার তদন্তকারি কর্মকর্তা থানার উপপরিদর্শক (এসআই) জহির রায়হান জানান, ঝিনাইদহের শৈলকুপার দিনমজুর বকুল হোসেন ও তার স্ত্রী আকলিমা খাতুন ও ভিকিটিম সাহারবাটি গ্রামের সব্জী ব্যবসায়ী সুমনের বাড়িতে ভাড়ায় থাকেন।
আজ বুধবার ভোররাতের দিকে বাড়ির মালিক সুমন হোসেন ভাড়াটিয়া বকুলের পালিত মেয়েকে (ভিকটিম) একা পেয়ে ধর্ষণ করে।

এই ঘটনায় পালিত পিতা বকুল হোসেন বাদি হয়ে সুমনের নামে গাংনী থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইনের ৯(১) ধারায় একটি মামলা দায়ের করেন। মামলা নং ১৭, তারিখ ১৬/০৮/২০২৩ ইং।

মামলা হওয়ার পর এসআই জহির রায়হান সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে সুমনকে গ্রেফতার করেন।

আজ বুধবার (১৬ আগস্ট) বেলা ১১ টার দিকে গ্রেফতারকৃত সুমন হোসেনকে আদালতে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুরে মাদক মামলায়

সাজাপ্রাপ্ত আসামি গ্রেফতার

মাদক মামলায় ৮ মাসের সশ্রম কারাদন্ডপ্রাপ্ত আসামী মোঃ হিরক মিয়াকে গ্রেফতার করছে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) সিপিসি মেহেরপুুর ক্যাম্পের একটি টিম।

গ্রেফতারকৃত হিরক মিয়া গাংনী উপজেলা শহরের পশু হাসপাতাল এলাকার মৃত আব্দুল মান্নানের ছেলে।

আজ মঙ্গলবার (১৫ আগস্ট) দুপুর ৩ টার দিকে র্যাবের একটি দল গোপন সংবাদে অভিযান চালিয়ে তাকে গাংনী কেন্দ্রীয় ঈদগাহ মাঠের কাছ থেকে গ্রেফতার করেন।

সিপিসি-মেহেরেপুর ক্যাম্পের কমান্ডার সহকারি পুলিশ সুপার মনিরুজ্জামান এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, তার বিরুদ্ধে মাদক মামলা নং জিআর ৩৫৪/১৭,০৯(ক) এবং ১৯(৪) মামলায় ৮ মাসের সশ্রম কারাদন্ডপ্রাপ্ত আসামি।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে আইনানুগ পদক্ষেপ গ্রহণ করে মেহেরপুর সদর থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

দামুড়হুদায় ৫ শত গ্রাম গাঁজাসহ আটক -২

দামুড়হুদা মডেল থানার পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৫শত গ্রাম গাঁজাসহ দুইজন মাদক ব্যবসায়ীকে আটক করতে সক্ষম হয়েছে।

আটকৃতরা হলো ছানোয়ার হোসেন (২৩) গোপালপুর গ্রামের জবুরের ছেলে ও একি গ্রামের তরিকুল ইসলাম(৩০) রেজাউলের ছেলে। গতকাল সোমবার রাত ১১ টার দিকে জুড়ানপুর মসজিদ মার্কেটের সামনে থেকে তাদেরকে আটক করেন।

পুলিশ জানায়, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর

কবীর এর নির্দেশে গোপন সংবাদের ভিত্তিতে এস আই ওবাইদুর রহমান সঙ্গীয় ফোর্স নিয়ে দামুড়হুদা থানাধীন জুড়ানপুর গ্রামে মাদক বিরোধী অভিযান চালিয়ে গোপাল পুর গ্রামের জবুর ছেলে ছানোয়ার হোসেন ও রেজাউল ইসলামের ছেলে তরিকুলকে জুড়ানপুর মসজিদ মার্কেটের সামনে থেকে আটক করেন। পরে তাদের দেহ তল্লাশী করে ৫ শত গ্রাম গাঁজা উদ্ধার করা হয়।

দামুড়হুদা মডেল থানায় তাদের বিরুদ্ধে মাদক নিয়ন্ত্রণ আইন মামলা দায়ের করা হয়েছে।

মেহেরপুরে বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের ৪৮তম শাহাদৎ বার্ষিকী পালন

নানা কর্মসূচীর মধ্য দিয়ে মেহেরপুরে পালিত হচ্ছে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের ৪৮তম শাহাদৎ বার্ষিকী।

দিবসটি উপলক্ষে সকাল সাড়ে ৯ টার সময় জেলা প্রশাসকের কার্যালয়ে সামনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করা হয়।

জাতীয় শোক দিবসে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপির নেতৃত্বে একটি র্যালি বের হয়ে জেলা প্রশাসক কার্যালয়ে সামনে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন।

এ সময় প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করেন মেহেরপুর জেলা প্রশাসক শামীম হাসান, পুলিশ সুপার রাফিউল আলম,মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন।

এরপর একে একে আওয়ামী লীগ ও তার অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ, বিভিন্ন সরকারি-বেসরকারী প্রতিষ্ঠান, স্কুল কলেজ, সাংস্কৃতিক সংগঠন সহ বিভিন্ন শ্রেণি পেশার মানুষ বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করেন।

এছাড়া দিবসটি ঘিরে দিনব্যাপী স্বেচ্ছায় রক্তদান কর্মসূচী, চিত্রাঙ্কন প্রতিযোগীতা, শিক্ষা প্রতিষ্ঠানে আলেচনা সভা, ধর্মীয় প্রতিষ্ঠানে দোয়া মোনাজাতের আয়োজন করা হয়েছে।

গাংনী উপজেলা প্রশাসনের আয়োজনে জাতীয় শোক দিবস পালন

বিভিন্ন কর্মসূচি পালনের মধ্য দিয়ে গাংনীতে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালিত হয়েছে।

কর্মসূচীর মধ্যে ছিল বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ, শোক র্যালী ও আলোচনা সভা ও পুরুস্কার বিতরণী।

আজ মঙ্গলবার সকাল ৮টার সময় গাংনী উপজেলা পরিষদ চত্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে গাংনী উপজেলা প্রশাসনের পক্ষ থেকে পুষ্পমালা অর্পন করেন উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু, গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক, গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক, সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন জেলা আওয়ামীলীগের সহসভাপতি শিরাজুল ইসলাম, গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ আলীসহ সরকারের বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ।

এছাড়াও গাংনী থানার পক্ষে পুষ্পমাল্য অর্পণ করেন থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক, উপজেলা যুবলীগের পক্ষ থেকে গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন, গাংনী সরকারী ডিগ্রী কলেজ, গাংনী মহিলা ডিগ্রী কলেজ, গাংনী পাইলট মাধ্যমিক স্কুল এন্ড কলেজ, গাংনী সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, সন্ধ্যানী স্কুল এন্ড কলেজ, গাংনী পৌর মাধ্যমিক বিদ্যালয়, বাঁশবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়, গাংনী মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়, গাংনী মহিলা কলেজপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়সহ বিভিন্ন সংগঠন ও অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠান বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পমাল্য অর্পন করে।

পরে গাংনী উপজেলা পরিষদ সভাকক্ষে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতৃ। এসময় বক্তব্য রাখেন, গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক, সাবেক এমপি বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সহসভাপতি সিরাজুল ইসলাম, গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক, জেলা আওয়ামীলীগের উপদেষ্টা পরিষদের সদস্য ছাড়াকার ইয়াসিন রেজা, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার মুনতাজ আলী, আমিরুল ইসলাম, গাংনী উপজেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক নুরুজ্জামান পাভেল, সাংবাদিক মাজেদুল হক মানিকসহ অন্যান্যরা।

পরে রচনা প্রতিযোগীতা চিত্রাঙ্কন ও ১ মিনিটের ভিডিও কন্টেন্ট তৈরী প্রতিযোগীতায় বিজয়ীদের মধ্যে পুরুস্কার বিতরণ করা হয়। অনুষ্ঠানে উপস্থাপনায় ছিলেন গাংনী উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্ট।

এর আগে সকাল ৭টার দিকে গাংনী উপজেলা প্রশাসনের পক্ষ থেকে উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ চত্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পমাল্য অর্পণ করা হয়।

মেহেরপুর বিচার বিভাগ কর্তৃক যথাযথ মর্যাদায় জাতীয় শোক দিবস পালন

মেহেরপুর বিচার বিভাগ কর্তৃক যথাযোগ্য মর্যাদা ও ভাবগম্ভীর্যের মধ্য দিয়ে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২৩ পালিত হয়েছে। সূর্যোদয়ের সাথে সাথে মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালত চত্বরে জাতীয় পতাকা অর্ধনমিত রাখার মধ্য দিয়ে দিবসের কর্মসূচি শুরু করা হয়।

১৫ আগষ্ট সকাল ৯ টায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্থবক অর্পন এবং সকাল ৯.৩০ ঘটিকায় জেলা ও দায়রা জজ মোঃ

শহিদুল্লাহর নেতৃত্বে সকল বিচারকবৃন্দের উপস্থিতিতে আদালত চত্ত্বরে ১ টি সফেদা গাছ লাগানো হয়। অতপর মেহেরপুর বিচার বিভাগীগের সকল বিচার, কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে শোকসভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুরের সিনিয়র জেলা ও দায়রা জজ মোঃ শহিদুল্লাহ’র সভাপতিত্বে শোক সভায় বক্তব্য রাখেন মেহেরপুর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক (জেলা ও দায়রা জজ) মোঃ তোহিদুল ইসলাম, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আবু বকর সিদ্দিক, অতিরিক্ত জেলা ও দায়রা জজ রিপতি কুমার বিশ্বাস, যুগ্ম জেলা ও দায়রা জজ এইচ এম কবির হোসেন, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এস এম শরিয়াতুল্লাহ, সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট তরিকুল ইসলাম।

এসময় জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট শারমিন নাহার, জেলা ও দায়রা জজ আদালতের প্রশাসনিক কর্মকর্তা মতিউল আশরাফ, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের ভারপ্রাপ্ত প্রশাসনিক কর্মকর্তা শেখ মোঃ আহছানুল হক, জেলা জজ আদালতের নাজির ওসমান গনি, চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের নাজির আসাদুজ্জামান সহ মেহেরপুর বিচার বিভাগের সকল কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

আলোচনা সভা শেষে স্বাধীনতার মহান স্থাপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিবসহ বঙ্গবন্ধু পরিবারের নিহত সদস্যদের মাফফেরাত কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।